৫০১১৯

# বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

**প্রধান কার্যালয়**

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ।

**ডিপার্টমেন্ট অব কারেন্সী ম্যানেজমেন্ট**

**ডিসিএম সার্কুলার লেটার নং-০১/২০২৬**

**তারিখ:** ২৭ বৈশাখ, ১৪৩৩
১০ মে, ২০২৬

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

**পবিত্র ঈদ-উল-আযহা, ২০২৬ উপলক্ষ্যে স্থাপিত কোরবানীর পশুর হাটে জাল নোট প্রতিরোধকল্পে তফসিলি ব্যাংকের কর্মকর্তাদের দ্বারা পশু ব্যবসায়ীদেরকে নোট যাচাই ও গণনা সংক্রান্ত সেবা প্রদান প্রসঙ্গে।**

আসন্ন পবিত্র ঈদ-উল-আযহা, ২০২৬ উপলক্ষ্যে সমগ্র বাংলাদেশের অনুমোদিত কোরবানীর পশুর হাটসমূহে (উপজেলা সদর পর্যন্ত) জাল নোট প্রচলন চক্রের অপতৎপরতা রোধকল্পে জাল নোট সনাক্তকরণ বুথ স্থাপন করে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য পরামর্শ দেয়া যাচ্ছে:

১. ঢাকা উত্তর সিটি কর্পোরেশন ও ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন কর্তৃক অনুমোদিত পশুর হাটসমূহে জাল নোট সনাক্তকরণ মেশিনের সহায়তায় অভিজ্ঞ ক্যাশ কর্মকর্তাদের দ্বারা হাট শুরুর দিন হতে ঈদের পূর্ব রাত পর্যন্ত বিরতিহীনভাবে পশু ব্যবসায়ী ও ক্রেতাদেরকে বিনামূল্যে নোট যাচাই সংক্রান্ত সেবা প্রদান করার জন্য দায়িত্বপ্রাপ্ত তফসিলি ব্যাংকসমূহের তালিকা এতদ্‌সংগে সংযুক্ত করা হলো। উক্ত হাটসমূহে সেবা প্রদানের লক্ষ্যে মনোনীত কর্মকর্তাগণের নাম, পদবী ও মোবাইল নম্বরসহ আপনাদের ব্যাংকের সমন্বয়ক হিসেবে মনোনীত **একজন উপযুক্ত কর্মকর্তার নাম, পদবী ও মোবাইল নম্বর আগামী ১৭/০৫/২০২৬ তারিখের মধ্যে naima.tanzin@bb.org.bd এবং zarrin.tasnim@bb.org.bd ই-মেইলে প্রেরণ করতে হবে**। উল্লেখ্য, আপনাদের ব্যাংকের সমন্বয়কারী কর্মকর্তা সংশ্লিষ্ট হাটে দায়িত্ব পালনকারী কর্মকর্তাগণের কার্যাদি মনিটরিং করবেন;

২. ঢাকার বাইরে যে সকল জেলায় বাংলাদেশ ব্যাংকের অফিস রয়েছে সেখানে সংশ্লিষ্ট সিটি কর্পোরেশন/পৌরসভার অনুমোদিত পশুর হাটসমূহে বাংলাদেশ ব্যাংকের সংশ্লিষ্ট অফিসের নেতৃত্বে গৃহীত অনুরূপ ব্যবস্থায় প্রয়োজনীয় সহায়তা প্রদানের জন্য আপনাদের সংশ্লিষ্ট আঞ্চলিক কার্যালয়/প্রধান শাখাসমূহকে নির্দেশনা প্রদান করতে হবে;

৩. বাংলাদেশ ব্যাংকের অফিস নেই এমন জেলাসমূহের সিটি কর্পোরেশন, পৌরসভা ও থানা/উপজেলার অনুমোদিত পশুর হাটে বিভিন্ন ব্যাংকের এতদ্‌সংক্রান্ত দায়িত্ব বণ্টনের জন্য সোনালী ব্যাংক পিএলসি-এর চেস্ট শাখাগুলোকে দায়িত্ব দেওয়া হয়েছে। সোনালী ব্যাংক পিএলসি-এর চেস্ট শাখা কর্তৃক বণ্টনকৃত দায়িত্ব অনুযায়ী আপনাদের ব্যাংকের জেলা/উপজেলা পর্যায়ের শাখাসমূহ যাতে পশুর হাটগুলোতে নোট যাচাই সংক্রান্ত সেবা প্রদান করে সে বিষয়ে সংশ্লিষ্ট শাখাসমূহকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করতে হবে;

৪. হাটে স্থাপিত বুথে নোট কাউন্টিং মেশিনের সাহায্যে নগদ অর্থ গণনাকরণ সুবিধা প্রদান করতে হবে;

৫. বুথ স্থাপন কার্যক্রমের সুবিধার্থে ও সহযোগিতার জন্য প্রয়োজনে সংশ্লিষ্ট সিটি কর্পোরেশন কর্তৃপক্ষ, জেলা মিউনিসিপ্যালিটি কর্তৃপক্ষ, উপজেলা নির্বাহী অফিসার/সংশ্লিষ্ট পৌরসভা কর্তৃপক্ষ ও অনুমোদিত হাটের দায়িত্বপ্রাপ্ত ইজারাদার এবং সার্বিক নিরাপত্তার জন্য (প্রয়োজনে) সংশ্লিষ্ট পুলিশ, বিজিবি, র‍্যাব ও আনসার কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করা যেতে পারে;

৬. বুথে নোট যাচাইকালে কোনো জাল নোট ধরা পড়লে এ বিভাগের (তদানীন্তন DCMPS) ০৪/০৭/২০০৭ তারিখের পরিপত্র নং-জালনোট:০১(পলিসি)/২০০৭-১৯১ এ বর্ণিত নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;

৭. বুথে ব্যাংকের নাম ও তার সাথে **'জাল নোট সনাক্তকরণ বুথ'** উল্লেখপূর্বক ব্যানার/নোটিশ প্রদর্শন করতে হবে;

৮. ব্যাংক নোটের নিরাপত্তা বৈশিষ্ট্য সম্বলিত ভিডিও চিত্রটি আপনাদের ব্যাংকের শাখাসমূহে ঈদের আগ পর্যন্ত প্রতি কর্মদিবসে গ্রাহকদের জন্য স্থাপিত টিভি মনিটরগুলোতে পুরো ব্যাংকিং সময়ে প্রদর্শন করতে হবে;

পৃষ্ঠা - ২ দ্রষ্টব্য

বাংলাদেশ ব্যাংক
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।

ডিপার্টমেন্ট অব কারেন্সী ম্যানেজমেন্ট



পূর্ববর্তী পৃষ্ঠার পর

৯. দায়িত্ব পালনকারী কর্মকর্তা/কর্মচারীদেরকে এতদ্‌সংক্রান্ত দায়িত্ব পালনের জন্য আপনাদের ব্যাংকের প্রযোজ্য বিধি অনুযায়ী প্রয়োজনীয় আর্থিক সুযোগ সুবিধা প্রদান করা যাবে; এবং

১০. পবিত্র ঈদ-উল-আযহা সমাপ্তির পরবর্তী **৩০ (ত্রিশ)** কর্মদিবসের মধ্যে উপরে বর্ণিত নির্দেশনার সূত্রে আপনাদের কর্তৃক পরিপালিত বিষয়াদির উপর প্রস্তুতকৃত একটি প্রতিবেদন আবশ্যিকভাবে এ বিভাগে প্রেরণ করতে হবে।

আপনাদের বিশ্বস্ত,

10.4.26

(কে এম ইব্রাহিম)
পরিচালক (ডিসিএম)
ফোন: ৯৫৩০০৯০

সংযুক্তি:

- ঢাকা উত্তর সিটি কর্পোরেশন ও ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন কর্তৃক প্রস্তাবিত পশুর হাটসমূহে দায়িত্বপ্রাপ্ত তফসিলি ব্যাংকসমূহের তালিকা।
- এ বিভাগের (তদানীন্তন DCMPS) ০৪/০৭/২০০৭ তারিখের পরিপত্র নং-জালনোটঃ০১(পলিসি)/২০০৭-১৯১ এর কপি।

**ডিপার্টমেন্ট অব কারেন্সী ম্যানেজমেন্ট**
**বাংলাদেশ ব্যাংক**
**প্রধান কার্যালয়**
**ঢাকা।**

**ঢাকা উত্তর সিটি কর্পোরেশনস্থ কোরবানীর পশুর হাটে দায়িত্বপ্রাপ্ত ব্যাংকসমূহের তালিকা:**

| ক্রমিক নং | কোরবানীর পশুর হাটের নাম | দায়িত্বপ্রাপ্ত ব্যাংকের নাম |
|---|---|---|
| ১. | গাবতলী পশুর হাট (স্থায়ী হাট) | ইসলামী ব্যাংক বাংলাদেশ পিএলসি |
| | | সীমান্ত ব্যাংক পিএলসি |
| ২. | মিরপুর সেকশন-৬, ওয়ার্ড নং-৬ (ইস্টার্ণ হাউজিং) এর খালি জায়গা | এবি ব্যাংক পিএলসি |
| | | ন্যাশনাল ব্যাংক পিএলসি |
| ৩. | মিরপুর কালশী বালুর মাঠের (১৬ বিঘা) খালি জায়গা | আল-আরাফাহ্ ইসলামী ব্যাংক পিএলসি |
| | | ইস্টার্ন ব্যাংক পিএলসি |
| ৪. | ঢাকা পলিটেকনিক ইনস্টিটিউট সংলগ্ন খালি জায়গা | আইএফআইসি ব্যাংক পিএলসি |
| | | মেঘনা ব্যাংক পিএলসি |
| ৫. | মেরুল বাড্ডা কাঁচাবাজার সংলগ্ন খালি জায়গা | ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিমিটেড পিএলসি |
| ৬. | পূর্ব হাজীপাড়া, ইকরা মাদ্রাসার পাশের খালি জায়গা | এনআরবি কমার্শিয়াল ব্যাংক পিএলসি |
| ৭. | মোহাম্মদপুর বছিলাস্থিত ৪০ ফুট রাস্তা সংলগ্ন খালি জায়গা | সিটি ব্যাংক পিএলসি |
| | | অগ্রণী ব্যাংক পিএলসি |
| ৮. | উত্তরা দিয়াবাড়ি ১৬ ও ১৮ নং সেক্টর সংলগ্ন বউ বাজার এলাকার খালি জায়গা | ব্র্যাক ব্যাংক পিএলসি |
| | | বাংলাদেশ কমার্স ব্যাংক |
| ৯. | ভাটুলিয়া সাহেব আলী মাদ্রাসা হতে ১০নং সেক্টর রানাভোলা সুইচগেট পর্যন্ত ঢাকা উত্তর কর্পোরেশনের অন্তর্ভুক্ত শুধুমাত্র (রাস্তা ব্যতীত) খালি জায়গা | ট্রাস্ট ব্যাংক পিএলসি |
| ১০. | কাঁচকুড়া বাজার সংলগ্ন রহমান নগর আবাসিক এলাকার খালি জায়গা | ইসলামী ব্যাংক বাংলাদেশ পিএলসি |
| ১১. | খিলক্ষেত থানাধীন ৪৩ নং ওয়ার্ডস্থিত মস্তুল চেকপোস্ট সংলগ্ন পশ্চিম পাড়ার খালি জায়গা | মিউচুয়াল ট্রাস্ট ব্যাংক পিএলসি |
| ১২. | খিলক্ষেত বাজার সংলগ্ন এলিভেটেড এক্সপ্রেসওয়ে এর নীচের খালি জায়গা | এনআরবি ব্যাংক পিএলসি |
| | | ডাচ্-বাংলা ব্যাংক পিএলসি |
| ১৩. | ভাটারা সুতিভোলা খাল সংলগ্ন খালি জায়গা (ভাটারা সুতিভোলা) | ব্যাংক এশিয়া পিএলসি |
| ১৪. | বনরূপা আবাসিক প্রকল্পের খালি জায়গা | যমুনা ব্যাংক পিএলসি |
| ১৫. | মহাখালী টিএন্ডটি মাঠের খালি জায়গা | শাহ্জালাল ইসলামী ব্যাংক পিএলসি |
| ১৬. | বাড্ডা থানার অন্তর্গত স্বদেশ প্রপার্টির খালি জায়গা | বেঙ্গল কমার্শিয়াল ব্যাংক পিএলসি |
| ১৭. | বড় বেরাইদ বসুন্ধরা গ্রুপের খালি জায়গা | সিটিজেনস ব্যাংক পিএলসি |
| ১৮. | কচুক্ষেত বাজার রজনীগন্ধা সুপারমার্কেটের পিছনের খালি জায়গা | বেসিক ব্যাংক পিএলসি |

বিশেষ দ্রষ্টব্য: ঢাকা উত্তর সিটি কর্পোরেশন কর্তৃক কোন বিশেষ কারণে কোন হাটের কার্যক্রম বাতিল/কোন নতুন হাট যুক্ত করা হলে তা যথাসময়ে সংশ্লিষ্ট ব্যাংককে অবহিত করা হবে।

ডিপার্টমেন্ট অব কারেন্সী ম্যানেজমেন্ট
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

## ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনস্থ কোরবানীর পশুর হাটে দায়িত্বপ্রাপ্ত ব্যাংকসমূহের তালিকা:

| ক্রমিক নং | কোরবানীর পশুর হাটের নাম | দায়িত্বপ্রাপ্ত ব্যাংকের নাম |
|---|---|---|
| ১. | সারুলিয়া বাজার (স্থায়ী হাট) | দি প্রিমিয়ার ব্যাংক পিএলসি |
| | | উত্তরা ব্যাংক পিএলসি |
| ২. | পোস্তগোলা শশ্মানঘাটের পশ্চিম পার্শ্বে নদীর পাড়ে খালি জায়গা | ডাচ্-বাংলা ব্যাংক পিএলসি |
| | | বাংলাদেশ কৃষি ব্যাংক |
| ৩. | উত্তর শাহজাহানপুর খিলগাঁও রেলগেট বাজারের মৈত্রী সংঘ ক্লাব সংলগ্ন আশেপাশের খালি জায়গা | ঢাকা ব্যাংক পিএলসি |
| | | রূপালী ব্যাংক পিএলসি |
| ৪. | আমুলিয়া আলীগড় মডেল কলেজের উত্তর পার্শ্বের খালি জায়গা | জনতা ব্যাংক পিএলসি |
| | | ওয়ান ব্যাংক পিএলসি |
| ৫. | রহমতগঞ্জ ক্লাব সংলগ্ন আশেপাশের খালি জায়গা, লালবাগ | মধুমতি ব্যাংক পিএলসি |
| | | কমিউনিটি ব্যাংক বাংলাদেশ পিএলসি |
| ৬. | শ্যামপুর কদমতলী ট্রাক স্ট্যান্ড সংলগ্ন খালি জায়গা | যমুনা ব্যাংক পিএলসি |
| ৭. | শিকদার মেডিকেল সংলগ্ন আমিন মোহাম্মদ গ্রুপের খালি জায়গা | সাউথ ইস্ট ব্যাংক পিএলসি |
| | | মিডল্যান্ড ব্যাংক পিএলসি |
| ৮. | কাজলা ব্রিজ থেকে মাতুয়াইল মৃধাবাড়ি পানির পাম্প সংলগ্ন রাস্তার অব্যবহৃত খালি জায়গা | পূবালী ব্যাংক পিএলসি |
| ৯. | সাদেক হোসেন খোকা মাঠের দক্ষিণ পার্শ্বের খালি জায়গা | এসবিএসি ব্যাংক পিএলসি |
| ১০. | ব্রাদার্স ইউনিয়ন ক্লাবের দক্ষিণ-পূর্ব পাশের খালি জায়গা | ব্র্যাক ব্যাংক পিএলসি |
| ১১. | গোলাপবাগস্থ আউটফল স্টাফ কোয়ার্টারের উত্তর পার্শ্বের খালি জায়গা | মার্কেন্টাইল ব্যাংক পিএলসি |
| ১২. | মোস্তমাঝি মোড় সংলগ্ন বনশ্রী হাউজিংয়ের খালি জায়গায় | ন্যাশনাল ক্রেডিট এন্ড কমার্স ব্যাংক পিএলসি |
| ১৩. | দয়াগঞ্জ রেল ক্রসিং হতে জুরাইল রেল ক্রসিং পর্যন্ত এলাকা | সোনালী ব্যাংক পিএলসি |

বিশেষ দ্রষ্টব্য: ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন কর্তৃক কোন বিশেষ কারণে কোন হাটের কার্যক্রম বাতিল/কোন নতুন হাট যুক্ত করা হলে তা যথাসময়ে সংশ্লিষ্ট ব্যাংককে অবহিত করা হবে।

বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ

ডিপার্টমেন্ট অব কারেন্সী ম্যানেজমেন্ট এন্ড পেমেন্ট সিষ্টেমস
(জাল ও অচলনোট প্রতিরোধ ও পর্যালোচনা কোষ)

পরিপত্র নং- জালনোটঃ ১(পলিসি)/২০০৭-১৯১ তারিখঃ ০৪/০৭/২০০৭

প্রধান নির্বাহী,
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক ।

প্রিয় মহোদয়,

জালনোট প্রাপ্তির ঘটনায় ব্যাংকের করণীয় প্রসংগে।

এ মর্মে অভিযোগ পাওয়া যাচ্ছে যে, তফসিলী ব্যাংকসমূহে লেনদেনের ক্ষেত্রে কোন গ্রাহক কর্তৃক কাউন্টারে জালনোট উপস্থাপিত হলে কর্মকর্তাগন জালনোট ছিদ্র করে গ্রাহককে ফেরত প্রদান করছে, যা বিধি সম্মত নয় । জালনোট প্রাপ্তির ঘটনায় ব্যাংকের করণীয় বিষয়ে Treasury Rules, Part-III, chapter-IV এর ৫২ ধারায় সুস্পষ্ট নির্দেশনা রয়েছে যা নিম্নরূপঃ

" (1) In the event of a forged note being presented, the note and the presenter should be made over to the police, if the Bank considers it advisable to do so. If, however, the Bank office is convinced that the presenter has presented the forged note in good faith, believing it to be genuine he should impound the note, take his name, his father's name, local and permanent address and his full signature with date or left hand thumb impression if he is illiterate on the back of forged note, and his statement regarding the person from whom he received the note. The forged note and the presenter's statement should be sent to the police for further enquiry. After the enquiry has been completed, the police will forward the forged note to the Currency Office along with a report.

Note - When a forged note is impounded, it should be stamped with the word" Forged" or the word "Forged" should be written on it in red ink in large letters before it is sent to the police for enquiry.

(2) Notes disfigured by oil or other substances should be scrutinised with special care, as forged notes are sometimes intentionally thus disfigured to render detection difficult.

(3) The managers of all banks have instructions to send forged notes presented to them to the police who will send them to Currency Officer for necessary action.

(4) The Bangladesh Bank has authorised Currency Officer in Dhaka and designated officers in its other branches to impound forged notes. "

এমতাবস্থায়, ব্যাংক শাখায় জালনোট প্রাপ্তির পর উপরোক্ত ধারায় প্রদত্ত নির্দেশনা অনুযায়ী যথাযথ ব্যবস্থা গ্রহনের জন্য আপনাদেরকে পরামর্শ দেয়া যাচ্ছে ।

আপনাদের বিশ্বস্ত,

(চৌধুরী মহিদুল হক)
মহাব্যবস্থাপক
ফোন ৭১২০৩৭২